মেহেরপুর ভাবনা ও এম.জি.এস.এইচ ০৯ ব্যাচের প্রেস ব্রিফিং

সুবিধাবঞ্চিত বাচ্চাদের ৫ টাকায় ঈদের শপিং এর আয়োজনের আনুষ্ঠানিক ঘোষণা ও প্রস্তুতি নিয়ে প্রেস ব্রিফিং করেছে মেহেরপুর ভাবনা ও এম.জি.এস.এইচ ০৯ ব্যাচ।

শুক্রবার রাতে মেহেরপুর জেলা পরিষদ চত্বরে মেহেরপুর ভাবনা ও এম.জি.এস.এইচ ০৯ ব্যাচের আয়োজনে এ প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়।

এম.জি.এস.এইচ ০৯ ব্যাচের সভাপতি তানভীর আল মামুনের সভাপতিত্বে প্রেস ব্রিফিংয়ে বক্তব্য রাখেন,এম.জি.এস.এইচ ০৯ ব্যাচের সহ-সভাপতি সেলিম পারভেজ, যুগ্ম সম্পাদক নাজমুল হাসান, মাহামুদুল হাসান, সাংগঠনিক সম্পাদক মাহফুজুর রহমান নয়ন।

মেহেরপুর ভাবনার সাধারণ সম্পাদক শাকিল আহমেদের সঞ্চালনায় প্রেস ব্রিফিংয়ে আরো উপস্থিত ছিলেন, স্বাস্থ্য সম্পাদক রাহুল, এম.জি.এস.এইচ ০৯ ব্যাচের ক্রিয়া সম্পাদক আসিবুজ্জামান কমন, নির্বাহী সদস্য নাসিম রেজা, সদস্য ফিরোজ রহমান, পিয়াস, রাজু প্রমুখ।

কুমারী ইউপি বিএনপির উদ্যোগে দোয়া মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গার কুমারী ইউনিয়ন বিএনপির উদ্যোগে দেশ নেত্রী বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেল ৫ টার দিকে কুমারী বাজার প্রাঙ্গণের মাঠে দোয়া মাহফিল ও আলোচনা সভা অনুষ্টিত হয়।

আলোচনা সভা অনুষ্ঠানে কুমারী ইউনিয়ন বিএনপির সভাপতি বিল্লাল

হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শহিদুল কাওনাইন টিলু।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আমরা শহিদ জিয়াউর রহমানের সৈনিক। দলকে সুসংগঠিত করতে প্রতিটি ইউনিয়ন নতুন করে কমিটি গঠন হচ্ছে। এবারের কমিটিতে নতুনত্ব ও ত্যাগী নেতাকর্মীদের মূল্যায়নের মাধ্যমে বিতর্কিত কমিটি গঠন থেকে বিরত থাকতে সকল ইউনিটে বিএনপির কমিটি গঠন কার্যক্রম অব্যাহত রাখা হবে। অনুষ্ঠানে প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন সাইফুল ইসলাম।

আলোচনা সভা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইসরাক হোসেন, রেজাউল হক, আলি হোসেন, ওহিদুল, আব্দুল ওহাব, পৌর যুবদলের সভাপতি নাজিম উদ্দিন, বিল্লাল মাস্টার, হান্নান মিয়া, বোরহান উদ্দিন, আনিসুর রহমান মধু, শহিদুল ইসলাম।

এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা ছাত্রদলের সদস্য সবুজ, দেশ বাঁচাও, মানুষ বাঁচাও কমিটির সভাপতি জাহিদ, যুগ্ন আহবায়ক লিটন, জেলা যুবদলের সদস্য মিজানুর রহমান মধু, সুন্নত, পৌর যুবদলের সভাপতি নাজিম মোল্লা, যুবদল নেতা আবু তাহের, সেলিম, সেচ্ছাসেবকদলের ২ নম্বর যুগ্ন আহবায়ক সোহেল রানা, পারভেজ। অনুষ্ঠানটি পরিচালনা করেন রহিদুজ্জামান রহিত।

আলোচনা ও দোয়া অনুষ্ঠান শেষে কুমারি ইউনিয়ন বিএনপির ৫১ সদস্য কমিটি গঠন করা হয়। এসময় আমিনুল ইসলাম বিল্লালকে সভাপতি, জাহিদুল ইসলামকে সাধারণ সম্পাদক ও আশাদুল হক মেম্বারকে সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হয়।

হরিণাকুণ্ডুতে নানা আয়োজনে আনন্দ টিভির ৪র্থ বর্ষপূর্তি

পালিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে নানা আয়োজনের মধ্যদিয়ে আনন্দ টিভির ৪র্থ বর্ষপূর্তি পালন করা হয়েছে।

শুক্রবার বিকালে উপজেলা প্রতিনিধি জাফিরুল ইসলামের সঞ্চালনায় ও দৈনিক রুপালি বাংলাদেশ পত্রিকার সম্পাদক প্রকাশক এমদাদুল হক বিশ্বাস এর সভাপতিত্বে আনন্দ র্যালী দোয়া মাহফিল, আলোচনা সভা ও কেক কাটার মধ্যে দিয়ে আনন্দ টিভির ৪র্থ বর্ষপূর্তি উদযাপন করা হয়।

হরিণাকুণ্ডু উপজেলা প্রেসক্লাবে আয়োজিত আনন্দ টিভির ৪র্থ বর্ষপূর্তি উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিণাকুণ্ডু প্রেসক্লাবের সিনিয়র সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান এলবি লিটন।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট রাজনৈতিক ব্যাক্তিত্ব বাবুল আক্তার,উপজেলা প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক আব্দুর রাজ্জাক, প্রচার সম্পাদক শিশির আহম্মেদ,তথ্য ও আইসিটি বিষয়ক সম্পাদক সাইদুর রহমান প্রমূখ।

”হৃদয়ের কথা বলে” এই শ্লেগানকে বুকে ধারণ করে সল্পসময়ে সংবাদ ও বিনোদনে কোটিকোটি মানুয়ের হৃদয়ে স্থান করে নেওয়া একমাত্র প্রিয় স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল এখন আনন্দ টিভি এমটাই বলেন অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিবৃন্দ।

গাংনী থানা পুলিশের অভিযানে পরোয়ানাভুক্ত ৮ আসামী গ্রেফতার

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভুক্ত ৮ জন আসামীকে গ্রেফতার করেছে।গ্রেফতারকৃতদের মধ্যে

৪ জন জিআর মামলায় ও ৪ জন সি আর মামলায় আদালতের পরোয়ানাভুক্ত আসামী রয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের একাধিক দল গাংনী উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামীদের গ্রেফতার করে গাংনী থানার একাধিক টীম।

গত বৃহস্পতিবার দিবাগত রাতের শুক্রবার ভোররাত পর্যন্ত অভিযান চালান গাংনী থানা পুলিশের একাধিক দল। ওসি আব্দুর রাজ্জাক জানান, গ্রেফতারকৃতদের নামে আদালত থেকে গ্রেফতারী পরোয়ানা রয়েছে।

আদালতের আদেশ পেয়ে এসব আসামীদের গ্রেফতার করে শুক্রবার বিকালে আদালতে প্রেরণ করা করা হয়েছে।

বিয়ের অনুষ্ঠানে গিয়ে বাল্য বিবাহ বন্ধ করলেন এসিল্যান্ড

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা সহকারী কমিশনার (ভুমি) সেলিম আহম্মেদ হস্তক্ষেপে সপ্তম শ্রেণি পড়ুয়া এক শিক্ষার্থীর বাল্য বিবাহ বন্ধ হয়েছে। শুক্রবার বিকালে বিয়ের অনুষ্ঠানে উপস্থিত হয়ে বাল্য বিবাহ বন্ধ করেন এসিল্যান্ড সেলিম আহমেদ।

জানা গেছে, উপজেলার জোড়াদহ ইউনিয়নের জোড়াদহ গ্রামের কামাড়পাড়ার আনোয়ার হোসেন মেয়ে শাপলা খাতুনের শুক্রবার বিকালে নিজ বাড়ীতে আনুষ্ঠানিকতার আয়োজন করেন মেয়ের পিতা।

এসিল্যান্ড সেলিম আহমেদ এমন খবর পেয়ে নিজেই মেয়ের বাড়ীতে বিয়ের অনুষ্ঠানে যান।

নাবালিকা মেয়েকে বিয়ে করতে আসার অপরাধে হরিশপুর গ্রামের খাইরুল জোয়ার্দার ছেলে হাসিবুল কে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে ছেলে পক্ষকে ১০ হাজার টাকা জরিমানা করেন তিনি।

এসময় মেয়ে অপ্রাপ্ত বয়স্ক হওয়ায় এবং এফিডেভিটের বিয়ের কোন বৈধতা

নাই মর্মে সকল আনুষ্ঠানিকতা সহ বাল্য বিবাহের সকল কার্যক্রম বন্ধ করে দেন এবং বাল্য বিবাহ থেকে বিরত থাকবেন মর্মে মেয়ের অভিভাবকদের অঙ্গিকার করান।

দামুড়হুদায় দীর্ঘ ১৮ বছর পর ১৫ মার্চ আওয়ামীলীগের সম্মেলন

দীর্ঘ ১৮ বছর পর হতে যাচ্ছে দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সম্মেলন আগামী ১৫ মার্চ দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সম্মেলন-কে সামনে রেখে প্রস্তুতি মূলক আলোচনা সভা অনুষ্টিত হয়েছে। এ সভায় সিরাজুল আলম ঝন্টুর সভাপতিত্বে প্রধান অতিথী হহিসাবে উপস্হিত ছিলেন চুয়াডাঙ্গা -০২ আসনের গণমানুষের নেতা মাননীয় সংসদ সদস্য জননেতা হাজী মোঃ আলী আজগার (টগর)তিনি বলেন এ সম্মেলন সফল করার জন্য নেতা কর্মীদের প্রতি আহব্বান জানিয়েছে এমপি টগর।

বিশেষ অতিথী হিসাবে উপস্হিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক মাহফুজুর মনজু,বিশেষ অতিথী হিসাবে উপস্হিত ছিলেন, দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি মেয়র মতিয়ার রহমান, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাঃসম্পাদক আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলার আওয়ামীলীগের যুগ্ন সম্পাদক পারকৃন্ষপুর মদনা ইউনিয়নের চেয়ারম্যান এ এস জাকারিয়া আলম,কার্পাসডাঙ্গা ইউনিউনের চেয়ারম্যান আঃ করিম,কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন,কুড়ালগাছির সাবেক ইউপি চেয়ারম্যান এনামুল হক শাহ ইনু,সাবেক ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম আগামী ১৫ মার্চ দর্শনা পৌর অডিটোরিয়াম হল রুমে সকাল ১০ টায় এ সম্মেলন অনুষ্টিত হবে।এ অনুষ্ঠানে প্রধান অতিথী হিসাবে উপস্হিত থাকবেন বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক এ বি এম মোজাম্মেল হক,বিশেষ অতিথী হিসাবে উপস্হিত থাকবেন চুয়াডাঙ্গা ১ আসনের মাননীয় সাংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন,উপস্হিত থাকবেন চুয়াডাঙ্গা ২ আসনের এমপি আলী আজগর টগর,ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আজাদুল ইসলাম আজাদ,।

আলমডাঙ্গায় উপজেলা প্রশাসনের উদ্যোগে আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্টিত হয়েছে। বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা পরিষদ হলরুমে এই সভা অনুষ্টিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুরের সভাপতিত্বে অনুষ্টানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আয়ুব হোসেন।

তিনি বলেন,যে কোন সময়ের চেয়ে আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। করোনা পরিস্থিতিও মোটামুটি স্বাভাবিক হয়েছে। সকলকে স্বাস্থ বিধি মেনে মাস্ক ব্যবহারের আহবান জানাচ্ছি। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও শিশু দিবস পালন করতে হবে।

তার স্বপ্ন বাস্তবায়নে তার সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশকে ক্ষুধা মুক্ত, দারিদ্রমুক্ত দেশ হিসেবে পরিচিত করিয়েছে। কোন মানুষ গৃহহীন থাকবে না, মাদক কে আমরা বয়কট করেছি, বাল্যবিবাহ বন্ধ করতে হবে।

বর্তমানে আলমডাঙ্গায় আইন শৃঙ্খলা পরিস্থিতি আগের যে কোন সময়ের চেয়ে ভাল আছে, বিশেষ করে বর্তমান ওসি সাহেব আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল রাখতে স্বর্বাত্বক চেষ্টা করছে।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্হিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মেদ ডন,মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা স্বাস্থ্য প,প,কর্মকর্তা ডাঃ হাদী জিয়াউদ্দিন আহম্মদ, কৃষি অফিসার হোসেন শহীদ সহরোয়ার্দি,থানা অফিসার ইনচার্জের পক্ষে সেকেন্ড অফিসার সঞ্জিত কুমার, সভায় স্বাগত বক্তব্য রাখেন। সমাজ সেবা অফিসারের উপস্থাপনায় বক্তব্য রাখেন উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি,শিক্ষা

অফিসার আব্দুল বারি,উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, বিআর ডিবি কর্মকর্তা সায়লা সারমিন।

আরও বক্তব্য রাখেন, ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলাম, মৎস কর্মকর্তা ফাতেমা কামরুন নাহার আঁখি, ইউপি চেয়ারম্যান আবুল কালাম আজাদ,ইউপি চেয়ারমান তাফসির আহম্মেদ লাল,মখলেসুর রহমান সিলন, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, যুব উন্নয়ন কর্মকর্তা দেওয়ান জাহাঙ্গির, সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হক, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, ভিডিপি কর্মকর্তা আজিজুল হাকিম খাদ্য কর্মকর্তা আব্দুল হামিদ, ইউপি চেয়ারম্যান আসাদুল হক মিকা, নজরুল ইসলাম, প্রেসক্লাবের, সম্পাদক হামিদুল ইসলাম, আবাসিক প্রকৌশলী হাবিবুর রহমান, প্রকল্প কর্মকর্তা এনামুল হক, সরকারি স্কুলের প্রধান শিক্ষক রবিউল ইসলাম,বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, প্রমুখ।

সভায় থানার অফিসার ইনচার্জ সহ ব্যক্তিগন বলেন আলমডাঙ্গায় আইনশৃঙ্খলা আগের চেয়ে ভাল। ১৭ মার্চ থেকে স্বাধীনতার সুবর্ন জয়ন্তি মেলা হবে, আমরা সকলের সহযোগীতা কামনা করছি।

দামুড়হুদায় আইন-শৃংখলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় আইন শৃংখলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির মাসিক সভা ও আন্তর্জাতিক দুর্যোগ প্রস্তুতি দিবস অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১০টার দিকে উপজেলা পরিষদ সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়। দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে আইন শৃংখলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির মাসিক সভা ও আন্তর্জাতিক দুর্যোগ প্রস্তুতি দিবস উপলক্ষে আলোচনা সভা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তারের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা খাতুন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা আবু হেনা মোহাম্মদ জামাল শুভ, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামান।

দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, উপজেলা প্রাণীসম্পদ অফিসার ডাঃ মশিউর রহমান, সমবায় অফিসার হারুন অর রশিদ, মহিলা বিষয়ক কর্মকর্তা হুছনে জাহান, দামুড়হুদা মডেল থানার অফিসার ইরচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ, দর্শনা থানার পরিদর্শক আবু সাঈদ, পারকৃষ্ণপুর-মদনা ইউপি চেয়ারম্যান জাকারিয়া আলম, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান ও উপজেলা যুবলীগের সাধারন সম্পাদক হযরত আলী, কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দীন, ওয়াদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিন, দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ফাহমিদা রহমার।

দামুড়হুদা সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নজরুল ইসলাম, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সাকি সালাম, উপজেলা সমাজ সেবা অফসার সাঈদ হাসান, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাইফুন নাহার, ইসলামিক ফাউণ্ডেশন ফিল্ড সুপার ভাইজার মারিয়া মাহবুব সহ উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা সস্থানিয় গন্যমান্য ব্যক্তিবর্গ।

গাংনীর কাজিপুরে ঢাকাগামী নাইট কোচের ধাক্কায় যুবক আহত

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী-কাজীপুর সড়কের ঢাকা গামী নাইট কোচের ধাক্কায় মাসুম রেজা (১৫) নামের এক কিশোর মারাত্বক আহত হয়েছে।

আহত মাসুম রেজা গাংনী উপজেলার কাজিপুর গ্রামের নিমস্বরণপাড়া এলাকার আলী হোসেনের ছেলে।

বৃহস্পতিবার (১০ মার্চ) দিবাগত রাত সাড়ে ৯ টার দিকে কাজিপুর গ্রামের বুড়িপোতা এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

আহত মাসুম রেজাকে স্থানীয়রা উদ্ধার করে প্রথমে গাংনী হাসপাতালে ও পরে সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আহত মাসুম রেজা জানান, আমি কাজিপুর বাজার থেকে ফেরার সময় বিপরিত থেকে আসা ঢাকা গামী একটি দুরপাল্লার নাইট কোচ আমাকে ধাক্কা দিয়ে চলে যায়। স্থানীয়রা উদ্ধার করে গাংনী হাসপাতালে নেন।

গাংনী হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত (স্যাকমো) সোহাগ হোসেন জানান, তার ডান পায়ে গোড়ালি ও হাত ভেঙ্গে গেছে।উন্নত চিকিৎসার জন্য তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

মেহেরপুরে শহীদ রিপন স্মৃতি নাইট ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুরে শহীদ রিপন স্মৃতি নাইট ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করা হয়েছে। বৃহস্পতিবার রাতে পৌর ঈদগাহ যুব সমাজের উদ্যোগে,পৌর ঈদগাহ পাড়াই এ খেলার আয়োজন করা হয়।

পৌর ঈদগাহ পাড়া যুব সমাজের সভাপতি সজিবুর রহমানের সভাপতিত্বে মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করেন।

এসময় বিশেষ অতিথি ছিলেন পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান,দারিয়াপুর সরকারি কলেজের প্রভাষক ওহিদুর রহমান, কাউন্সিলর নুরুল আশরাফ রাজীব, ইয়ারুল ইসলাম।

এছাড়াও জেলা যুবলীগের সদস্য ইয়ানুস আলী, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা ও স্থানীয়রা উপস্থিত ছিলেন।

উদ্বোধনী খেলায় নেপালী ক্রিকেট একাদশ বনাম সিএ৭ ক্রিকেট একাদশ অংশ গ্রহণ করে। এই নাইট ক্রিকেট টুর্নামেন্টে মোট ৩২টি টিম অংশ গ্রহণ করেছে।